দৈনিক ইত্তেফাক

তারিখ 24 NOV 1991
পৃষ্ঠা 2 কলাম 7

46

## প্রাথমিক বৃত্তি পরীক্ষা প্রসঙ্গে

১৯৮৯ ইং সনের শেষদিকে এক সরকারী আদেশে কিছুসংখ্যক বেসরকারী স্কুলকে রেজিষ্ট্রেশন প্রদান করা হইয়াছিল। ইহার পর অজ্ঞাত কারণে রেজিষ্ট্রেশন প্রদান স্থগিত ঘোষিত হয়। অদ্যাবধি সেই স্থগিতাদেশ বহাল রহিয়াছে। এইদিকে আর একটি সরকারী আদেশে অরেজিষ্ট্রিকৃত স্কুল হইতে কোন শিক্ষার্থীকে বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেওয়া হইতেছে না। এই প্রেক্ষিতে অরেজিষ্টীকৃত স্কুল হইতে যাহাতে আসন্ন বৃত্তি পরীক্ষায় শিশুরা অংশগ্রহণ করিতে পারে তাহার ব্যবস্থা গ্রহণের জন্য এবং রেজিষ্ট্রেশন স্থগিতাদেশ বাতিল করিয়া পুনরায় রেজিষ্ট্রেশন কার্যক্রম চালু করার ব্যাপারে আশু পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানাইতেছি।

—নূরুল আমিন চৌধুরী, অধ্যক্ষ, ট্যালেন্টস প্রিপারেটরী, চৌমুহনী, নোয়াখালী।